চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)
হাজিগঞ্জ, চাঁদপুর।
যোগাযোগঃ ০৮৪২৪-৭৫২৫৫(অফিস)

নম্বর ২৭.১২.১৩৪৯.৫০৪.০১.০৪২.১৯.১২৮

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮
০৭ মার্চ ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **আইন উপদেষ্টা পদে নিয়োগ বিজ্ঞপ্তি ।**

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর বিভিন্ন মামলা পরিচালনার জন্য নিম্নেবর্ণিত শর্তাবলী মোতাবেক চুক্তিভিত্তিতে 'আইন উপদেষ্টা' নিয়োগ সংক্রান্ত ।

শর্তাবলীঃ

০১	আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
০২	আইন ব্যবসায় নিয়োজিত অবসরপ্রাপ্ত জুডিশিয়াল অফিসার সহ যারা জেলা/উপজেলা কোর্ট/সহকারী জজ কোর্টে অনন্তপক্ষে ০৮ (আট) বৎসর যাবৎ আইন ব্যবসায় নিয়োজিত আছেন, কেবলমাত্র তাদেরকেই আইন উপদেষ্টা পদের জন্য বিবেচনা করা যেতে পারে।
০৩	বর্ণিত পদের প্রাপ্ত আবেদনপত্র মূল্যায়নের আলোকে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সিদ্ধান্তের পর অত্র সমিতিতে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে আইন উপদেষ্টা পদে নিয়োগ করা হবে।
০৪	বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত পবিস নির্দেশিকা ৩০০-৫০ মোতাবেক নির্ধারিত হারে মাসিক রিটেইনার ফি বাবদ ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা ও নির্দেশিকা অনুযায়ী অন্যান্য ফি প্রদান করা হবে।
০৫	কোন প্রার্থী অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকলে তিনি আবেদন করতে পারবেন না।

বর্ণিত শর্তাবলীর প্রেক্ষিতে যারা আইন উপদেষ্টা পদে নিয়োগ লাভে ইচ্ছুক তাদেরকে সাদা কাগজে নিম্নেবর্ণিত তথ্যাদি সহ আগামী ২২/০৩/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

ক।	আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে)	:	
খ।	বর্তমান ঠিকানা	:	
গ।	স্থায়ী ঠিকানা	:	
ঘ।	এ্যাডভোকেট হিসেবে এনরোলমেন্ট সনদের তারিখ	:	
ঙ।	আইন ব্যবসায়ের সময়কালঃ		
	১। সহকারী জজ কোর্ট/উপজেলা কোর্ট	:	
	২। জজ কোর্ট	:	
	৩। সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন/আপীল ডিভিশন আইন উপদেষ্টা পদে পূর্ব অভিজ্ঞতা	:	
	৪। স্থানীয় স্বায়ত্বশাসিত অথবা অন্য কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা পদে বর্তমানে নিয়োজিত থাকলে তার পূর্ণ বিবরণ	:	

আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং সকল শিক্ষাগত সনদ, এনরোলমেন্ট এর কপি এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

বিশেষ দ্রঃ- শর্তাবলীর ৪ ও ৫ নং বিষয়ে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরে যোগাযোগপূর্বক অবহিত হওয়া যাবে।

৭-৩-২০২২

মোঃ আতিকুজ্জামান চৌধুরী
জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব)
ফোন: ০১৭৬৯৪০০০১৬
ইমেইল: chandpbs@yahoo.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা প্রশাসক, চাঁদপুর ।

২) পুলিশ সুপার, চাঁদপুর ।

৩) জেলা জজ, চাঁদপুর ।

৪) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৫) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৬) পরিচালক (প্রশাসন), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, কুমিল্লা জোন

৮) সকল পবিস

৯) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপবিবো, চাঁদপুর

১০) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/গনপূর্ত/এলজিইডি, চাঁদপুর ।

১১) উপজেলা নির্বাহী অফিসার, হাজিগঞ্জ/কচুয়া/শাহরাস্তি, চাঁদপুর।

১২) ডিজিএম, কচুয়া জোনাল অফিস, চাঁদপুর পবিস-১

১৩) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

১৪) ডিজিএম, শাহরাস্তি জোনাল অফিস, চাঁদপুর পবিস-১

১৫) এজিএম (ওএন্ডএম), সাচার সাব জোনাল অফিস, চাঁদপুর পবিস-১

১৬) এজিএম (অর্থ-রাজস্ব), অর্থ (রাজস্ব) বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

১৭) এজিএম (সদস্য সেবা), সদস্য সেবা বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

১৮) এজিএম (ওএন্ডএম), ওএন্ডএম বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

১৯) এজিএম (ইএন্ডসি), ইএন্ডসি বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

২০) এজিএম (আইটি-১) (চলতি দায়িত্ব), আইটি বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

২১) সভাপতি, বার কাউন্সিল, চাঁদপুর ।

২২) সচিব, বার কাউন্সিল, চাঁদপুর।

২৩) সভাপতি, জেলা আইনজীবি সমিতি, চাঁদপুর ।